# শিশুদের মন

## (মেটেরিয়া মেডিকা)

**Mind Little Angel**

Specially for Applied Mind



ডাঃ ময়ুরেশ মহাজন

ডাঃ এস কে.পাপন

সূচিপত্র

পৃষ্ঠা নং


| | |
|---|---|
| ১। সূচনা ........................................ | ০১ |
| ২। সিনা ........................................ | ১৩ |
| ৩। ক্যামোমিলা ........................................ | ১৯ |
| ৪। আর্সেনিক ........................................ | ২৫ |
| ৫। এন্টিম-টার্ট ........................................ | ৩৩ |
| ৬। ক্যালি কার্ব ........................................ | ৩৮ |
| ৭। স্যানিকুলা ........................................ | ৪৩ |
| ৮। লাইকোপোডিয়াম ........................................ | ৫১ |
| ৯। ল্যাকেসিস ........................................ | ৫৮ |
| ১০। ভেরাট্রাম এল্বাম ........................................ | ৬৬ |
| ১১। প্লাটিনা ........................................ | ৭২ |
| ১২। ইগ্নেশিয়া ........................................ | ৭৮ |
| ১৩। কার্সিনোসিন ........................................ | ৮৮ |
| ১৪। পালসেটিলা ........................................ | ৯৬ |
| ১৫। স্ট্যাফিসেগ্রিয়া ........................................ | ১০৩ |
| ১৬। সাইলেশিয়া ........................................ | ১১০ |
| ১৭। ব্যারাইটা কার্ব ........................................ | ১১৮ |
| ১৮। অ্যাম্ব্রা গ্রেশিয়া ........................................ | ১২৬ |

১৯। বেলাডোনা ........................................ ১৩৪

২০। কক্কুলাস ........................................ ১৪২

২১। টিউবারকুলিনাম ........................................ ১৫০

২২। ট্যারেন্টুলা ........................................ ১৫৮

২৩। স্ট্রামোনিয়াম ........................................ ১৬৯

২৪। হায়োসিয়ামাস ........................................ ১৭৮

২৫। জেলসিমিয়াম ........................................ ১৮৮

২৬। আর্জেন্টাম নাইট্রিকাম ........................................ ১৯৩

২৭। স্যানিকিউলা ........................................ ২০০

২৮। ক্যালকেরিয়া ফসফোরিকাম ........................................ ২০৫

২৯। ক্যালি-ফস ........................................ ২১৫

৩০। নাক্স-ভোমিকা ........................................ ২২১

৩১। ফসফরাস ........................................ ২২৬

৩২। হ্যামামেলিস ........................................ ২৩৩

৩৩। মস্কাস ........................................ ২৩৮

৩৪। স্পন্জিয়া ........................................ ২৪৪

৩৫। সালফার ........................................ ২৪৮

৩৬। বোরাক্স ........................................ ২৫৩

৩৭। স্ট্রামোনিয়াম ........................................ ২৫৫

# মিনা

## (The unstoppable)

## সিনা

আমরা সকলেই জানি যে, পিতা-মাতার অভিযোগ শুনে একটি শিশুর ঔষধ নির্বাচন করা খুবই কঠিন। যেহেতু শিশুরা কথা বলতে পারে না, সেহেতু তার সমস্যা গুলো আমাদের সামনে উপস্থাপন করতে পারে না, ফলে প্রায় শিশুদের ক্ষেত্রে কোন দিক নির্দেশন থাকে না।

আমার এখনো একটি কেইস মনে আছে যখন আমি শারীরিক লক্ষন নিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসা করতাম।

প্রতিবেশী ফ্ল্যাটে একটি বাচ্চা ছিল, যে অনবরত কান্না করছিল। যেহেতু আমি একজন নবগত ডাক্তার, তাই প্রতিবেশী হিসেবে সাহায্যের জন্য আমার কাছে আসে। তারা পুরো আশা নিয়ে এসেছিল এবং ভেবে ছিল আমি তাদের সাহায্য করতে পারবো।

আমি শিশুটিকে পর্যবেক্ষণ করলাম। কিন্তু ঔষধ নির্বাচনের জন্য কোন লক্ষন ছিল না কারণ শিশুটি কান্না ছাড়া আর কিছু করছিল না। প্রত্যেকেই তাকে শান্ত করার সকল চেষ্টা করছিল। তার পিতা-মাতা তাকে বাহিরেও নিয়ে গেল কিন্তু কোন লাভ হলো না। প্রত্যেকে তাদের যথাসাধ্য চেষ্টা করেও ব্যর্থ হলো।

শুধুমাত্র এই দৃষ্যটা কল্পনা কর!!! ইহা ঠিক রাত ১২:০০ - ১২:৩০ টার সময় এবং শিশু বিরামহীন ভাবে উচ্চস্বরে কেঁদে যাচ্ছিল। তার পিতা-মাতা হাঁপিয়ে উঠেছিল এবং তারা আশা করছিল আমি কিছু করতে পারবো। কিন্তু চিকিৎসার কোন যোগসূত্র খুঁজে পাচ্ছিলাম না। ইতিমধ্যে তাকে পিত্তশূলের ঔষধ ও ব্যথানাশক ঔষধ খাওয়া হয়েছিল। যদিও কোন উপকার হয়নি। আমি নিরুপায় হয়ে পরলাম। সৌভাগ্য জনক ভাবে শিশুটি কাঁদতে কাঁদতে ঘুমিয়ে পড়লো।

ইহা ছিল প্রচন্ড বিব্রতকর, সারা রাত ধরে চিন্তা করলাম। প্রবীন হোমিও ডাক্তার হলে এখানে কি করতো? আমি শিশুর জন্য কোন কিছু করতে

পারছিলাম না। এখানে কোন নির্বাচিত লক্ষন ছিলো না। কোন হ্রাস-বৃদ্ধি নাই, কাতরতা ছিল না। আমি সারা রাত একদম ঘুমাতে পারিনি।

পরের রাত, শিশুটি একই রকম বিরক্ত করা শুরু করলো এবং অনবরত কান্না করতে থাকলো। তাই খুব দ্রুত শিশুটিকে আমার কাছে নিয়ে আসা হলো।

আমি নিজেকে থামিয়ে রাখতে পারলাম না এবং স্যারকে ফোন দিলাম। তাৎক্ষনিক ভাবে স্যার ফোনটা ধরলো। আমি স্যারকে পুরো রাতের ঘটনাটি বর্ননা করলাম। সে আমার বিষয়টি খুব মনোযোগ সহকারেই শুনলেন এবং আমাকে সিনা ২০০ শক্তির একটি ডোজ দেওয়ার জন্য পরামর্শ দিলেন এবং ২ ঘন্টা পর ফোন দিতে বললেন।

এটাই আমাদের গুরুর মহানতা। স্যার শুধু আমার ফোন গ্রহনই করেননি, আমাকে সঠিকভাবে গাইডও করেছেন এবং ফলাফল জানাতে পরে কলও দিতে বলেছেন। আমি এই আচরনে খুবই প্রভাবিত হয়েছি। আমি তাকে নৈষ্ঠিকভাবে বিশ্বাস করি এবং শিশুটিকে সিনা ২০০ শক্তির একটি ডোজ খাওয়াই।

আমি বিস্মিত হয়ে গেলাম, ১০ মিনিটের মধ্যে শিশুটি কান্না থামিয়ে দিল এবং দুধ খেতে চাইলো এবং তারপর ঘুমিয়ে পড়লো। কিছুক্ষণ ঘুম থেকে উঠার পর কালো সবুজ পায়খানা হলো, যা ছিল খুবই দুর্গন্ধযুক্ত এবং তার বাবা তাকে আমার কাছে আবার নিয়ে আসলো, অন্য কোন সমস্যা হলো কিনা জানতে। কিন্তু শিশুটি খুব আনন্দে ছিল তাই আমি বুঝতে পারলাম ঔষধটি খুব চমৎকার কাজ করেছে।

এটা ছিল জীবনের প্রথম কেইস যেখানে আমি হোমিওপ্যাথির নিষ্কাষন লক্ষ্য করে ছিলাম এবং আমি খুবই খুশি ছিলাম, কারণ আমি সঠিক পথ খুঁজে পেয়েছিলাম, যা হোমিওপ্যাথির সঠিক নীতি অনুসরণ করে। আমি স্যারকে

ফোন করে সকল রিপোর্ট দিলাম এবং জিজ্ঞাসা করলাম এই ধরনের ব্যবস্থাপত্রের পিছনে কি রহস্য রয়েছে। সে বলল, ইহা খুবই সরল পথ, যেখানে শিশুকে কোন কিছু করেই শান্ত করা সম্ভব হচ্ছে না। সকল প্রকার চেষ্টা করা সত্ত্বেও তাকে শান্ত রাখা যাচ্ছে না, সে শুধু কেঁদেই যাচ্ছে।

এর জন্য রুব্রিক হবেঃ-

MIND - QUIETED, cannot be (শান্ত বা চুপ করানো যায় না) [single cina]

আমি আবারো বিস্মিত হলাম সদৃশ্য ঔষধ নির্বাচনের জন্য এতো সরল পথ সম্পর্কে জেনে। এটা আমার চোখ খুলে দিলো এবং আমি এই পদ্ধতি দ্বারা মোহিত হয়ে গেলাম। এটা আমার আত্ম-বিশ্বাস বাড়িয়ে দিল, যেমনটা প্রত্যেক হোমিওপ্যাথদের থাকা দরকার।

প্রিয় পাঠকগন, আমার এই বইয়ের উদ্দেশ্য হলো আপনাদের ক্লিনিক্যাল প্র্যাকটিসে আত্ম-বিশ্বাস যোগানো এবং সুভাকাঙ্খি হোমিওপ্যাথি হিসেবে নিজেকে গড়ে তোলা।

সিনার শিশুদের উপলব্ধি করা চেষ্টা করিঃ-

সিনার রোগী ঔষধ নিবার্চনে মৌলিক ভিত্তি হলো, Quieted can't be/ শান্ত করা যায় না। কিন্তু মনে রেখো ইহা শুধু রোগী অসুস্থ অবস্থার একটি লক্ষন মাত্র। যেমন ধরুন, একটি শিশুকে ঠান্ডা, সর্দি, কাঁশির জন্য আপনার কাছে নিয়ে আসা হল। কিন্তু ঐ মূহুর্তে সে হয়তো শান্ত ও নিরব থাকবে। এখন আমাদের দায়িত্ব হবে, রোগী অসুস্থাবস্থায় কি করে ছিলো, তা জিজ্ঞাসা করা অর্থাৎ জ্বর, পাতলা পায়খানা বা কাঁশির সময়। শিশু কিভাবে নিজেকে তুলে ধরেছিল?

(প্রতিক্রিয়া বা স্ব-ক্রিয়া)। যদি রোগীর মা বলে, অসুস্থাবস্থায় সে শুধু কান্না করে যাচ্ছিল এবং কোন ভাবে তাকে শান্ত করা যাচ্ছিল না।

তখন রুব্রিক নিতে হবে, Quieted can't be (শান্ত বা চুপ করানো যায় না)। শিশুর বাবা-মা বলবে যে, সে সারা রাত ঘুমায়নি, শুধু অনবরত কান্না করছিল। কিছু কিছু ক্ষেত্রে বাবা-মা বলবে চোখে পানি ছিল না, তবুও সে অনবরত কান্না করছে। এখানেও একই রুব্রিক নিতে হবে। ইহা নিশ্চিত করার জন্য জানবেন, রোগী দীর্ঘ সময় কান্না করতে করতে ক্লান্ত হয়ে পরে ঘুমিয়ে পড়েছে।

সিনার শিশু মূলত খুব বিরক্তকর এবং গুরুত্বপূর্ন বিষয় হলো যে, সে জানে না আসলে কি চাই। সে কোন অবস্থায় সন্তুষ্ট নয় এবং তীক্ষ্ম কন্ঠে চিৎকার করে এবং অনবরত অস্থিরতা প্রকাশ করে। মা-বাবা সকল প্রকার চেষ্টা চালিয়ে যায় শুধুমাত্র তাকে শান্ত করার জন্য কিন্তু না, শিশুটি অনবরত কান্না করেই যায়।

যদি শিশুটি কোলে নেওয়া হয় তবে সে নিচে নামতে চাইবে এবং যদি সে নিচে থাকে তখন সে আবারো কোলে চড়তে চাইবে। উঠাতে এবং নামাতে তার অনিচ্ছা থাকা স্বত্ত্বেও যদি তাকে জোরপূর্বক নামিয়ে রাখা যায়, তাহলে সে নিচে থাকবে এবং যদি আরো জোর করা হয় তবে সে ঘুমিয়ে পড়বে। শুধুমাত্র এইভাবে তাকে শান্ত করা যায় এবং ঘুমিয়ে রাখা যায়। অন্যথায় সে শুধু কেঁদে যাবে এবং ক্লান্ত হয়ে যাওয়ার পর শুধুমাত্র ঘুমাবে।

রেপার্টরী এই ঔষধের অনেক রুব্রিক আছে, তবে মূল রুব্রিক হলো Quieted can't be এবং অন্যান্য রুব্রিক গুলো এই রুব্রিককে সহায়তা করবে মাত্র। সুতরাং ইহা গুরুত্বপূর্ন যে, এটি বুঝার জন্য খুব সাবধানতা দরকার।

আমি শুধুমাত্র একটি শব্দকে আলোকপাত করলাম, Quieted can't be। এই শব্দটি খুবই গুরুত্বপূর্ন অন্যান্য সকল প্রকার পরিস্থিতির জন্য, যেখানে আপনি সামান্য পরিবর্তন দেখবেন, সম্ভবত ঔষধটিও পরিবর্তন হয়ে যাবে।

সুতরাং এই রুব্রিক খুব সাবধানতার সহিত প্রয়োগ করতে হবে যেহেতু ইহাতে একমাত্র ঔষধ হলো সিনা।

সিনার কিছু গুরুত্বপূর্ন রুব্রিক নিচে দেওয়া হলো, যা প্রায় ব্যবহৃত হয়ে থাকে -

- MIND - QUIETED, cannot be - petting and caressing are of no use (শান্ত বা চুপ করানো যায় না, আদর ও যত্ন কোন কাজে আসে না)
- MIND - CARRIED - desires to be (বহন হওয়ার প্রতি আকাঙ্খা)
- MIND - CARRIED - aversion to be (বহন হওয়ায় অনিহা)
- MIND - CAPRICIOUSNESS - rejecting the things for which he has been longing; when offered, he is (খামখেয়ালীভাব যখন কোন কিছু নেওয়ার প্রস্তাব করা হয়, যা সে দীর্ঘ সময় ধরে আকাঙ্খা করছিল, তা প্রত্যাহার করে)
- MIND - SHRIEKING - children, in (তীক্ষ্ণভাবে চিৎকার করা; শিশুরা)
- MIND - IRRITABILITY - children, in (খিটখিটে/ বিরক্তি - শিশুরা)
- MIND - REFUSING - help (প্রত্যাখ্যান করে; সহযোগীতা)
- MIND - CARESSED; being - aversion to (আদর-সোহাগে অনিহা)
- MIND - CONTEMPTUOUS - everything; of (তাচ্ছিল্যপূর্ন আচরণ; সবকিছুতেই)
- MIND - QUIETED, cannot be (শান্ত বা চুপ করানো যায় না)
- MIND - CAPRICIOUSNESS - rejecting the things for which he has been longing; when offered, he is - children; in (শিশুর খামখেয়ালীভাব যখন কোন কিছু নেওয়ার প্রস্তাব করা হয়, যা সে দীর্ঘ সময় ধরে আকাঙ্খা করছিল, তা প্রত্যাহার করে)

# ক্যাসোমিলা

(The snappish)

## ক্যামোমিলা

সিনার খুবই কাছাকাছি আরেকটি ঔষধ হলো ক্যামোমিলা। একটি শিশুর কেইসের মাধ্যমে ইহা আমরা এখন শিখবো। শিশুটির নিউমোনিয়ায় ভুগছিল ফলে তার কাঁশি, জ্বরও ছিল।

শিশুটিকে এন্টিবায়োটিক ঔষধ খাওয়ানো হয় কিন্তু তাতেও কোন উপশম ঘটেনি। তাকে হাসপাতালে ভর্তি করানোর পরামর্শ দেওয়া হয়েছিল কিন্তু শিশুটির পিতা-মাতা আমার কাছে এসেছিল শেষ বারের মতো মতামত জানতে।

আমি শুধু শিশুটিকে পর্যবেক্ষন করছিলাম যে, তার বাবার কোলে চড়ে এসেছিল। তাকে খুবই ক্লান্ত ও নিরাশ মনে হচ্ছিল। শিশুটি অচেতনের মতো ছিল ও সে তার মাথা বাবার কাধের উপর রেখে ছিল।

তার বাবা খুব বিরক্তকর ও নিরাশ কন্ঠে বলল, 'ডাক্তার দয়া করে, কিছু করুন। কোন ঔষধেই কাজ হচ্ছে না এবং গত ৪/৫ রাত ধরে আমরা মোটেই ঘুমাতে পারিনি। বাচ্চাটি অনবরত কান্না করে যাচ্ছে। সে খুব কষ্টে আছে তাই তাকে শান্ত করা খুবই কষ্টকর।

আমি তাকে জিজ্ঞাসা করলাম, 'কিভাবে বাচ্চাটি কান্না থামায় বা কি করলে?'

বাবাঃ আমাকে বা তার মাকে তাকে সর্বদাই কোলে রাখতে হয় এবং যেই মূহুর্তে তাকে বিছানায় শুয়ানো হয়, তখনি সে উচ্চ স্বরে কান্না শুরু করে যে পুরো বিল্ডিং -এর লোকজন তার কান্নায় জেগে উঠে।

আপনি কি জানেন ডাক্তার, আমি ও আমার স্ত্রী সারারাত ধরে দুজনই পাল্টা-পাল্টি করে একই ভাবে তাকে কোলে নিই, যেন এটা কোন কোম্পানির মধ্যে ডিউটির কাজ করছি। ঐ সময় যদি তাকে বিছানায় শুয়াতে যাই সে তৎক্ষনাৎ

বিরক্তকর তীক্ষ্ম কন্ঠে কান্না করে উঠে। মাঝে মাঝে তাকে মার-ধোর করেও নিয়ন্ত্রনে রাখতে পারি না।

'সে খুবই খিটখিটে ও মর্জি ধরে। ডাক্তার ২৪ ঘন্টা কি তাকে কোলে রাখা সম্ভব? আমার হাত দুটো ব্যথা হয়ে গেছে'। আমি তখন শুধু বাচ্চাটিকে পর্যবেক্ষন করছিলাম এবং তাকে খুবই বিরক্ত দেখাচ্ছিল এবং তার ভ্রু-কপাল কুচঁকানো ছিল।

আমি তার বাবাকে বললাম, শিশুটিকে পরীক্ষার জন্য টেবিলে রাখেন। তখন পর্যন্ত সে শান্ত ছিল। যখনি তাকে নিচে রাখা হলো, সে ঠিকঠিক উচ্চ স্বরে কান্না শুরু করে দিল। আমি সাথে সাথে তার বাবাকে বললাম কোলে নিয়ে নিতে, কারণ আমি তার তীক্ষ্ম কন্ঠের কান্না সহ্য করতে পারছিলাম না।

আমি আশ্চার্য্য হই, কিভাবে তার বাবা-মা তাকে এইভাবে সারা দিন-রাত ঠিক রাখে। আমি তার মাথায় হাত বুলিয়ে শুধুমাত্র আদর করতে চেষ্টা করছিলাম, তাতেও সে পুনরায় উচ্চ শব্দে কান্না শুরু করে দিল, ফলে আমি দ্রুত হাত সরিয়ে নিতে বাধ্য হলাম।

<u>বিশ্লেষণঃ</u>

এই শিশুটি শান্ত করা সত্য কঠিন ও কষ্টকর ছিল, যেখানে শুধুমাত্র তার বাবা-মা কোলে নিলেই শিশুটি শান্ত থাকতো। অন্যথায় তাকে শান্ত করা যেতো না। আমাদের রেপার্টরীতে যে সকল রুব্রিক এর জন্য আছে -

- MIND - QUIETED, cannot be - carried; only by being
  (শান্ত বা চুপ করানো যায় না; শুধুমাত্র কোলে নিলে শান্ত)

অন্যান্য রুব্রিক গুলো হলো .

- ➤ MIND - SHRIEKING - children, in (তীক্ষ্ণভাবে চিৎকার করা; শিশুরা)
- ➤ MIND - IRRITABILITY - children, in (খিটখিটে/ বিরক্তি - শিশুরা)
- ➤ MIND - NOISE - inclination to make noise (শোরগোল উৎপাদনের ঝোঁক/প্রবৃত্তি)
- ➤ MIND - CARRIED - desire to be carried (বহন হওয়ার প্রতি আকাঙ্খা)
- ➤ MIND - FROWN, disposed to (ভ্রু কোঁচকানোর প্রবনতা)
- ➤ MIND - ANGER - touched; when (যখন স্পর্শ করা হয়, ক্রোধ)
- ➤ MIND - SNAPPISH (কথার মধ্যে বাধা দেয় বা গলা চড়িয়ে কথা বলে এমন/বদমেজাজী)

ক্যামোমিলার ২০০ শক্তির একটি ডোজই তার খিটখিটে মেজাজ চমৎকার ভাবে কমিয়েছিল এবং সে ঘুমিয়ে পড়লো। তার ক্ষুধা বেড়ে গেল এবং সে নিজে নিজে খেলা শুরু করলো। তার কাঁশি-জ্বর একেবারেই কমে গেল।

<u>এবার ক্যামোমিলার শিশু চিত্র বুঝার চেষ্টা করবঃ-</u>

ক্যামোমিলার শিশু অসুস্থাবস্থার সময় নিষ্প্রভ (Dull) অবস্থা হয় বা সিনার মত খিটখিটে হয়ে উঠে। তাদেরকে শান্ত করা কষ্টকর হয়ে উঠে। কিন্তু ক্যামোমিলার সাথে সিনার মৌলিক পার্থক্য হলো যখনি ক্যামোমিলাকে আরামদায়ক অবস্থা কোলে নেওয়া হয়, তখনি সে শান্ত হতে পারে কিন্তু সিনাকে কোন ভাবেই শান্ত করতে পারা যায় না। সিনার শিশু কখনোই শান্ত হবে না।